# সুখবরের কাহিনী পুস্তক

## তিন



এটা আমার সুখবরের কাহিনী পুস্তক তিন
আমার নাম

---

আমি আমার সুখবরের কাহিনী পুস্তক তিন পড়তে পারি৷

এই কাহিনীগুলি সৃষ্টিকর্তা ঈশ্বরের পবিত্র পুস্তক থেকে নেওয়া হয়েছে৷
এই কাহিনী পুস্তকের সমস্ত ছবিগুলি ভারতের আদিবাসী বাচ্চাদের আঁকা৷
সুখবরের কাহিনী পুস্তক তিন৷ গ্রন্থস্বত্ব 2013 | ভারতে মুদ্রিত৷ অধিক জানতে হলে যোগাযোগ করুন:
WBTC India, P.O. Box 8478, Bangalore 560084. Email: info@wbtcindia.com





দুষ্ট রাজা..........2-27
রাখাল বালক..........28-32

# দুষ্ট রাজা

অনেক বছর কেটে গেছে।

আমি দেখতে পাচ্ছি অব্রাহামের সন্তানেরা, তাদের সন্তানেরা এবং তাদের সন্তানদের সন্তানেরা সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দ্যেশে গান গাইছে।







আমি শুনতে পাচ্ছি সন্তানেরা বলছে,

‘সৃষ্টিকর্তা ঈশ্বর, দয়া করে আমাদের উদ্ধার করো।’

আমি দুষ্ট রাজাকে দেখতে পাচ্ছি৷

দুষ্টরাজা তাদের প্রত্যেককে ঘৃণা করে যারা সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দ্যেশে গান গাইছে৷







আমি আর একজন পুরুষকে দেখতে পাচ্ছি৷

তাঁর নাম মোশি৷

মোশি সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দ্যেশে গান গাইছেন৷

আমি দেখতে পাচ্ছি মোশি জ্বলন্ত
ঝোপের দিকে তাকিয়ে আছেন।

আমি শুনতে পাচ্ছি সৃষ্টিকর্তা ঈশ্বর
আগুনের মধ্য থেকে কথা বলছেন

‘মোশি, দুষ্ট রাজাকে বলো,
সৃষ্টিকর্তা বলেছেন,
”আমার লোকদের মুক্ত করে দাও।”







মোশির এক ভাই আছে।

তাঁর নাম হারোণ।

আমি দেখতে পাচ্ছি মোশি ও হারোণ
দুষ্ট রাজার কাছে যাচ্ছেন।

আমি শুনতে পাচ্ছি মোশি দুষ্ট,

‘রাজাকে বলছেন,
’’আমার লোকদের মুক্ত করে দাও|’’







আমি শুনতে পাচ্ছি দুষ্ট রাজা বলছে,
‘আমি ঐ লোকদের মুক্ত করব না,
যারা সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দ্যেশে
গান গায়|’

আমি সৃষ্টিকর্তা ঈশ্বরকে বলতে
শুনতে পাচ্ছি,
'হারোণ, তোমার লাঠি ফেলে দাও।'

আমি দেখতে পাচ্ছি হারোণ তাঁর হাঁটার
লাঠি নীচে ফেলে দিচ্ছেন।







আমি দেখতে পাচ্ছি হারোণের হাঁটার
লাঠিটা একটি সাপে পরিণত হল।

সেটি হিস্...হিস্...হিস্...শব্দ করছে।

আমি শুনতে পাচ্ছি দুষ্ট রাজা
তার জাদুকরদের বলছে,

‘তোমাদের হাঁটার লাঠিগুলি
নীচে ফেলে দাও।’

আমি দেখতে পাচ্ছি জাদুকররা
তাদের হাঁটার লাঠিগুলি
নীচে ফেলে দিচ্ছে।








আমি দেখতে পাচ্ছি
জাদুকরদের লাঠিগুলি
সাপে পরিণত হচ্ছে।



সেগুলি হিস্...হিস্...
হিস্ শব্দ করছে।




আমি দেখতে পাচ্ছি হারোণের সাপ
জাদুকরদের সাপগুলিকে
খেয়ে...খেয়ে...খেয়ে নিচ্ছে।

সৃষ্টিকর্তা ঈশ্বর
সবচেয়ে শক্তিশালী!








আমি শুনতে পাচ্ছি মোশি দুষ্ট
রাজাকে বলছেন ,

'রাজাকে বলছেন,
"আমার লোকদের মুক্ত করে দাও।"

আমি শুনতে পাচ্ছি দুষ্ট রাজা বলছে,
'আমি ঐ লোকদের মুক্ত করব না,
যারা সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দ্যেশে গান গায়।'

আমি শুনতে পাচ্ছি
মোশি দুষ্ট রাজাকে বলছেন,

‘আজ রাতে প্রতি পরিবারের
প্রথম পুত্র মারা যাবে৷’







আমি সৃষ্টিকর্তা ঈশ্বরকে
বলতে শুনতে পাচ্ছি,

‘মোশি,আমার লোকদের, যারা আমার
উদ্দ্যেশে গান গায়,
তাদের বলো একটি মেষ বলি দিতে৷

ভেড়ার রক্ত তাদের ঘরের
দরজার দুইদিকের খুঁটিতে লাগাও৷

যখন আমি রক্ত দেখব,
আমার লোকেরা মরবে না৷’

যতজন সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দ্যেশে
গান গায় তারা তাদের ঘরের দরজার
দুইদিকের খুঁটিতে ভেড়ার রক্ত লাগায়৷







সেই রাতে, যারা ঈশ্বরের উদ্দ্যেশে
গান গায় না, সেইসব পরিবারের
প্রথম পুত্র মারা যায়৷

সেই রাতে, যারা সৃষ্টিকর্তা ঈশ্বরের
উদ্দ্যেশে গান গায়, সেইসব পরিবারের
প্রথম পুত্র বেঁচে যায়৷

সেইরাতে যারা সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দ্যেশে গান গাইল, দুষ্ট রাজা তাদের যাবার জন্য মুক্ত করে দিল।

সৃষ্টিকর্তা ঈশ্বর
সবচেয়ে শক্তিশালী!







সময় কেটে গেল।

আমি শুনতে পাচ্ছি দুষ্ট রাজা বলছে, ‘আমি লোকদের পিছনে পিছনে যাব, যারা সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দ্যেশে গান গায় এবং তাদের মেরে ফেলব।’

তাড়াতাড়ি করো, দুষ্ট রাজা এবং তার সৈন্যদল আসছে...

আমি দেখতে পাচ্ছি মোশি এবং লোকেরা যারা সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দ্যেশে গান গায়, তারা একটি বড়ো, বড়ো, বড়ো নদীর সামনে দাঁড়িয়ে আছে।

তাড়াতাড়ি করো, দুষ্ট রাজা এবং তার সৈন্যদল আসছে...







আমি শুনতে পাচ্ছি মোশি বলছেন,

'সৃষ্টিকর্তা ঈশ্বর বড়ো, বড়ো, বড়ো নদীর মধ্য দিয়ে একটি পথ তৈরী করবেন।

সৃষ্টিকর্তা ঈশ্বর আমাদের উদ্ধার করবেন।'

সৃষ্টিকর্তা ঈশ্বর ঐ
বড়ো, বড়ো, বড়ো
নদীর জল দুই ভাগ করেছিলেন৷

আমি দেখতে পাচ্ছি মোশি এবং যারা
সৃষ্টিকর্তা ঈশ্বরের গান গায় তারা
বড়ো, বড়ো, বড়ো নদীর মধ্য
দিয়ে হেঁটে চলে যাচ্ছে৷







আমি দেখতে পাচ্ছি দুষ্ট রাজা এবং তার
সৈন্যদল বড়ো, বড়ো, বড়ো নদীর মধ্য
দিয়ে তাদের পেছনে যাচ্ছে৷

আমি দেখতে পাচ্ছি দুষ্ট রাজা এবং
তার সৈন্যদলের উপর জল পড়ছে।

দুষ্ট রাজা এবং তার
সৈন্যদল মারা গেল।







আমি দেখতে পাচ্ছি মোশি এবং যারা
সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দেশ্যে গান গায়
তারা মুক্ত হয়ে গেছে।

সৃষ্টিকর্তা ঈশ্বর
সবচেয়ে শক্তিশালী!

# রাখাল বালক

আমি এক রাখাল বালককে দেখতে পাচ্ছি।
তাঁর নাম দাউদ।



দাউদ অব্রাহামের
পরিবারের সন্তান।

অনেক বছর কেটে গেছে।

রাখাল বালক দাউদ এখন রাজা।









আমি শুনতে পাচ্ছি রাজা দাউদ
সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দ্যেশে গান গাইছেন।

‘সৃষ্টিকর্তা ঈশ্বর, তুমিই আমার
কাছে সবকিছু।

সৃষ্টিকর্তা ঈশ্বর,তুমিই আমাকে জীবন দাও।

সৃষ্টিকর্তা ঈশ্বর, তুমিই আমাকে শান্তি দাও।

সৃষ্টিকর্তা ঈশ্বর, তুমিই আমাকে উদ্ধার করো।

সৃষ্টিকর্তা ঈশ্বর, তুমিই আমাকে রক্ষা করো।









সৃষ্টিকর্তা ঈশ্বর, তুমিই আমাকে
ভালোবাসো।

সৃষ্টিকর্তা ঈশ্বর, তুমিই আমার সঙ্গে
চিরকাল এবং সর্বদা থাকো।’

আমি শুনতে পাচ্ছি সৃষ্টিকর্তা ঈশ্বর রাজা দাউদকে বলছেন,

‘তোমার পরিবারের মাধ্যমে আমি সকলকে চিরকাল এবং সর্বদা উদ্ধার করব।’

সৃষ্টিকর্তা ঈশ্বর আসছেন।

